ফাতওয়া নাম্বার:৪৮৩ প্রকাশকালঃ১৯-০৮-২০২৪ ইং

আমীরের নির্দেশে মা বাবাকে না জানিয়ে হিজরত করার বিধান

প্রশ্ন:

আমি একটি জিহাদি জামাতের সাথে যুক্ত আছি। আমার জানার বিষয় হলো, যদি কখনো জামাতের পক্ষ থেকে আমাকে বাড়ি থেকে চিরদিনের জন্য হিজরত করতে বলা হয় তাহলে আমি কি মা-বাবাকে না জানিয়ে হিজরত করতে পারবো? আমার মা-বাবা হিজরতের অনুমতি দিবেন না, এটাই স্বাভাবিক। তাই তাঁদেরকে না জানিয়ে হিজরত করলে তাঁরা কষ্ট পাবেন। আবার হিজরত না করলে আমীরের নির্দেশ অমান্য করা হবে? এক্ষেত্রে আমার করণীয় কী?

-মুহাম্মদ হাবিব, মোমেনশাহী

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد

সম্ভবত আপনি বিষয়টি নিজে থেকে ধারণা করে বলেছেন যে, যদি আমীর কখনও চিরস্থায়ী হিজরতের কথা বলেন তাহলে আপনি কি করবেন? আসলে বর্তমানে আমাদের দেশে জিহাদের কাজের যে মারহালা চলছে তাতে অন্যদেশে হিজরতের তেমন কোনো জরুরত নেই। অধিকন্তু জরুরত দেখা দিলেও তা চিরস্থায়ী হিজরত হওয়া আবশ্যক নয়, সাময়িকও হতে পারে। কাজেই বিষয়টি নিয়ে আপনার পেরেশান হওয়ার প্রয়োজন নেই ইনশাআল্লাহ।

হ্যাঁ, কখনও যদি জিহাদের প্রয়োজনে সুনির্দিষ্টভাবে আপনাকেই হিজরত করার প্রয়োজন দেখা দেয়, তাহলে তখন কীভাবে সমন্বয় করবেন তা দায়িত্বশীলগণই ভাববেন ইনশাআল্লাহ।

আরও জানতে দেখুন:

ফতোয়া নং ১১৫: বৃদ্ধ মা-বাবা ও স্ত্রী-সন্তান রেখে অন্যত্র হিজরত করার কী হুকুম?

ফতোয়া নং ৮৫: বর্তমান পরিস্থিতিতে পিতা-মাতার খেদমত করব, না জিহাদ করব?

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

৩০-১১-১৪৪৫ হি.

০৭-০৭-২০২৪ ঈ.